

মাওলানা মুহাম্মাদ তাজুল ইসলাম

মাওলানা মুহাম্মাদ তাজুল ইসলাম বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ, গবেষক, লেখক ও টিভি ব্যক্তিত্ব। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে আরবী ভাষা ও সাহিত্যে স্নাতক (সম্মান) এবং মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়ের শরীয়াহ বিভাগ থেকে স্নাতক (সম্মান) ডিগ্রী অর্জন করেছেন। দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্ট্যাডিজ বিভাগ থেকে অর্জন করেছেন স্নাতকোত্তর ডিগ্রী। তাছাড়া ঢাকা আলিয়া থেকে অর্জন করেছেন কামিল ডিগ্রী। তিনি তাঁর শিক্ষা জীবনের সকল স্তরে মেধার স্বাক্ষর রেখে প্রথম বিভাগ/শ্রেণীতে উন্নীত হয়েছেন। তিনি মসজিদ কাউন্সিলের গবেষণা বিভাগের প্রধানসহ মাসিক জিজ্ঞাসা পত্রিকার সম্পাদক। প্রকাশিত গ্রন্থের সংখ্যা ৫টি ও প্রবন্ধ প্রায় ২শ'টি।